

যুগান্তর

জিপিএ-৫ ও পাশের হার

এবারও এগিয়ে মেয়েরা

১৩৬৫০ ছাত্রী বেশি পেয়েছে জিপিএ-৫ * পাশের হার ছেলেদের চেয়ে ৩ দশমিক ১ শতাংশ বেশি

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ২৯ জুলাই ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)



জিপিএ-৫ এবং পাশের হারে এবারও ছেলেদের চেয়ে এগিয়ে মেয়ে শিক্ষার্থীরা। এ বছর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষার ফল বিশ্লেষণে এ তথ্য উঠে এসেছে। এবার জিপিএ-৫ পেয়েছেন ৯৮ হাজার ৬১৪ মেয়ে শিক্ষার্থী এবং ৮৪ হাজার ৯৬৪ ছেলে শিক্ষার্থী।

অর্থাৎ ছাত্রদের চেয়ে ১৩ হাজার ৬৫০ জন ছাত্রী বেশি জিপিএ-৫ অর্জন করেছেন। পাশের হারের ক্ষেত্রে মেয়েদের ৮১ দশমিক ৮৮ শতাংশ এবং ছেলেদের ৭৮ দশমিক ৮৭ শতাংশ। এ বছর ছাত্রদের চেয়ে ৪৮ হাজার ৩৩২ জন বেশি ছাত্রী উত্তীর্ণ হয়েছে।

শুক্রবার সকালে শিক্ষামন্ত্রী দীপু মনি আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন। গত বছরও জিপিএ-৫ ও পাশের হারে এগিয়ে ছিল মেয়ে শিক্ষার্থীরা। ফলাফল বিশ্লেষণে দেখা গেছে,

জানা গেছে, এ বছর এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে ২০ লাখ ৪১ হাজার ৪৫০ শিক্ষার্থী। তাদের মধ্যে ছেলে ১০ লাখ ৯ হাজার ৮০৩ এবং মেয়ে ১০ লাখ ৩১ হাজার ৬৪৭ জন। পরীক্ষার্থীদের মধ্যে পাশ করেছে ১৬ লাখ ৪১ হাজার ১৪০ জন। তাদের মধ্যে ছেলে ৭ লাখ ৯৬ হাজার ৪০৪ ও মেয়ে ৮ লাখ ৪৪ হাজার ৭৩৬ জন।

এসএসসি পরীক্ষার ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের পাশের হার ও জিপিএ-৫ এর ক্ষেত্রেও মেয়েরা এগিয়ে। এই বোর্ডগুলোতে মোট পরীক্ষায় অংশ নিয়েছে ১৬ লাখ ৩৩ হাজার ৯১৯ শিক্ষার্থী। তাদের মধ্যে ছেলে ৭ লাখ ৭৬ হাজার ৫১৯ ও মেয়ে ৮ লাখ ৫৭ হাজার ৪০০ জন। পরীক্ষার্থীদের মধ্যে পাশ করেছে ১৩ লাখ ২২ হাজার ৩৭ জন। এক্ষেত্রেও মেয়েরা এগিয়ে আছে।

উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ছেলে ৬ লাখ ১৬ হাজার ৭১ এবং মেয়ে ৭ লাখ ৬ হাজার ৩৭৫ জন। এই নয় বোর্ডে গড় পাশের হার ৮০ দশমিক ৯৪ শতাংশ। এরমধ্যে ছেলেদের পাশের হার ৭৯ দশমিক ৩৪ শতাংশ ও মেয়েদের পাশের হার ৮২ দশমিক ৩৯ শতাংশ।

এদিকে একমাত্র মাদ্রাসা শিক্ষা বোর্ডের ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে এগিয়ে আছে ছেলেরা। এই বোর্ডের অধীনে এ বছর পরীক্ষায় অংশ নিয়েছে ২ লাখ ৮৫ হাজার ৮৭ জন। এরমধ্যে ১ লাখ ৩৯ হাজার ৬৫৫ ছেলে শিক্ষার্থী এবং ১ লাখ ৪৫ হাজার ৪৩২ জন মেয়ে শিক্ষার্থী। পাশের হার গড়ে ৭৪ দশমিক ৭০ শতাংশ। এরমধ্যে ছেলেদের পাশের হার ৭২ দশমিক ২৯ শতাংশ এবং মেয়েদের ৭৭ দশমিক ০২ শতাংশ। মাদ্রাসা শিক্ষা বোর্ডে জিপিএ পেয়েছে ৩ হাজার ১৮৮ ছাত্র এবং ৩ হাজার ২৫ ছাত্রী।

পাশাপাশি এসএসসি ভোকেশনাল ও দাখিল পরীক্ষায় অংশ নিয়েছে ১ লাখ ১২ হাজার ৪৪৪ জন। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৭৯ হাজার ৩৮৩ ছাত্র এবং ২৬ হাজার ৩৪৭ জন ছাত্রী। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে শিক্ষার্থীদের পাশের হার ৮৬ দশমিক ৩৫ শতাংশ। এরমধ্যে ছেলেদের হার ৮৪ দশমিক ৭৮ শতাংশ এবং মেয়েদের ৯১ দশমিক ৯৪ শতাংশ। এই বোর্ডের অধীনে জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ৮০১ ছাত্রী এবং ৭ হাজার ৩৪৪ জন ছাত্র।

এসএসসি পরীক্ষায় ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে গ্রুপভিত্তিক তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, পাশের হারে এক্ষেত্রে মেয়েরা এগিয়ে আছে। বিজ্ঞান, মানবিক, ব্যবসা শিক্ষায় পাশের হার মেয়েদের ৮২ দশমিক ৩৯ শতাংশ এবং ছেলেদের ৭৯ দশমিক ৩৪ শতাংশ।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯

🔔 প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মদ্রিত।

X

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

